উপাত্ত প্রকাশ নীতিমালা ২০২৫

জানুয়ারি ২০২৫

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

BANGLADESH BUREAU OF STATISTICS
STATISTICS AND INFORMATICS DIVISION
MINISTRY OF PLANNING

CamScanner

CS CamScanner

সূচিপত্র

১.০ প্রস্তাবনা (Preamble):..১
২.০ শিরোনাম:..১
৩.০ প্রয়োগ..১
৪.০ আইনগত ভিত্তি: ১
৫.০ সংজ্ঞা:..১
(ক) আবেদনকারী (Applicant): ১
(খ) বিবিএস (BBS-Bangladesh Bureau of Statistics):..১
(গ) মহাপরিচালক (Director General):..১
(ঘ) কর্তৃপক্ষ:..১
(ঙ) উপাত্ত (Data): ১
(চ) তথ্য (Information): ১
(ছ) তথ্য ব্যবস্থাপনা (Informatics):..১
(জ) নীতি (Policy): ১
(ঝ) নীতিমালা: ২
(ঞ) মেটাডেটা (Metadata):.. ২
(ট) মাইক্রোডেটা (Micro Data): ২
(ঠ) ভৌগোলিক তথ্য ব্যবস্থা (Geographic Information System):.. ২
(ড) এনোনিমাইজড মাইক্রোডেটা (Anonymized Microdata):.. ২
(ঢ) নন-এনোনিমাইজড মাইক্রোডেটা (Non-Anonymized Microdata):.. ২
(ণ) আউটপুট টেবিল (Output Table): ২
(ত) শুমারি (Census):.. ২
(থ) নমুনা জরিপ (Sample Survey):.. ২
(দ) ডিজিটাল ডিভাইস (Digital Device):.. ২
(ধ) পরিসংখ্যান (Statistics):.. ৩
(ন) সরকারি পরিসংখ্যান (Official Statistics): ৩
(প) প্রকাশ (Dissemination): ৩
৬.০ নীতিমালার উদ্দেশ্য:.. ৩
৭.০ উপাত্ত প্রকাশের মাধ্যম: ৩
৮.০ মাইক্রোডেটা সরবরাহের মাধ্যম: ৩
৯.০ প্রকাশযোগ্য উপাত্তের ধরন:.. ৩
(ক) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য উপাত্ত:.. ৩
(খ) নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে প্রদানযোগ্য উপাত্ত:..৪
(গ) প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয়, এমন উপাত্ত:..৪
১০.০ বিনামূল্যে প্রকাশযোগ্য তথ্য/প্রকাশনার পরিমাণ নির্ধারণ..৪
১১.০ প্রকাশাধিকার সংরক্ষণ..৪
১২.০ উপাত্ত/মাইক্রোডেটার ব্যাকআপ: ৪
১৩.০ প্রকাশিত পরিসংখ্যানের গুণগতমান: ৪
১৪.০ উপাত্ত প্রকাশের নিয়ম ও শর্তাবলি: ৪
১৫.০ মাইক্রোডেটা সরবরাহের/প্রদানের নিয়ম ও শর্তাবলি:.. ৫
১৬.০ সরবরাহকৃত উপাত্ত ব্যবহারের নিয়ম ও শর্তাবলি: ৫
১৭.০ ব্যক্তিগত উপাত্তের গোপনীয়তা রক্ষা: ৫
১৮.০ পরিসর/ব্যাপ্তি: ৫

CS CamScanner

১৯.০ উপাত্ত/ মাইক্রোডেটা প্রাপ্তি সহজলভ্যকরণ ও সংরক্ষণ: ৬
২০.০ উপাত্ত/ মাইক্রোডেটা প্রাপ্তির শর্তাবলি: ৬
২১.০ সরকারি প্রতিষ্ঠানে (মন্ত্রণালয় / বিভাগ / দপ্তর / সংস্থা) উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহের শর্ত: ৬
২২.০ বাংলাদেশি ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থাসমূহে উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহের শর্ত: ৬
২৩.০ বিদেশি ব্যক্তি বা প্রতিষ্ঠানে উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহের শর্ত:........ ৭
২৪.০ শিক্ষার্থীদের উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহের শর্ত:........ ৭
২৫.০ উপাত্ত/মাইক্রোডেটা প্রাপ্তির আবেদন, সরবরাহের পদ্ধতি ও সময়সীমা:........ ৭
২৬.০ উপাত্ত/মাইক্রোডেটার মূল্য:........ ৮
২৭.০ উপাত্ত/মাইক্রোডেটার মূল্য পরিশোধ পদ্ধতি: ৮
২৮.০ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ, দায়িত্ব ও কর্মপরিধি: ৯
২৯.০ উপাত্ত/মাইক্রোডেটার প্রকাশের সময়সীমা: ৯
৩০.০ উপাত্ত/মাইক্রোডেটা সংক্রান্ত অভিযোগ ৯
৩১.০ সংশোধন:........ ৯
৩২.০ নীতিমালার ব্যাখ্যা:........ ১০
৩৩.০ নীতিমালার রহিতকরণ ও হেফাজত:........ ১০
৩৪.০ ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ:........ ১০

CS CamScanner

১.০ প্রস্তাবনা (Preamble):

সঠিক, মানসম্মত ও সময়োচিত পরিসংখ্যান আর্থসামাজিক উন্নয়নের অন্যতম প্রধান উপাদান হিসেবে বিবেচিত হয়। পরিসংখ্যান সম্পর্কিত কার্যক্রমকে গতিশীল, সমন্বিত এবং লক্ষ্যভিত্তিক করার লক্ষ্যে পরিসংখ্যান আইন ২০১৩ প্রণয়ন করা হয়েছে। সঠিক পরিকল্পনা প্রণয়ন ও কার্যকর নীতিনির্ধারণের জন্য সময়মতো নির্ভুল ও প্রাসঙ্গিক তথ্য-উপাত্ত সরবরাহ নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে যাচিত তথ্য-উপাত্তের চাহিদা পূরণ ও তথ্য সরবরাহ নিশ্চিত করার জন্য একটি কার্যকর নীতিমালার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। তথ্য-উপাত্ত সহজলভ্য করা এবং ব্যবহারকারীগণকে চাহিদানুসারে উপাত্ত সরবরাহ করার উদ্দেশ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) উপাত্ত প্রকাশ নীতিমালা-২০২৫ প্রণয়ন করেছে।

২.০ শিরোনাম:

এ নীতিমালা বিবিএস-এর বিভিন্ন শুমারি ও জরিপের 'উপাত্ত প্রকাশ নীতিমালা ২০২৫' নামে অভিহিত হবে।

৩.০ প্রয়োগ

এটি জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিবিএস কর্তৃক প্রকাশিত উপাত্ত ব্যবহারকারী সকলের জন্য প্রযোজ্য হবে।

৪.০ আইনগত ভিত্তি:

পরিসংখ্যান আইন ২০১৩

৫.০ সংজ্ঞা:

(ক) আবেদনকারী (Applicant):

মাইক্রোডেটা প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে যথাযথ প্রক্রিয়ায় আবেদনকারী/অনুরোধকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান।

(খ) বিবিএস (BBS-Bangladesh Bureau of Statistics):

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

(গ) মহাপরিচালক (Director General):

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক।

(ঘ) কর্তৃপক্ষ:

শুমারি ও নমুনা জরিপের উপাত্ত, প্রতিবেদন ও মাইক্রোডেটা প্রকাশ এবং তা ব্যবহারকারীদের নিকট সরবরাহের চূড়ান্ত অনুমোদনকারী হিসেবে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত।

(ঙ) উপাত্ত (Data):

তথ্যের ক্ষুদ্রতম একক বা পর্যবেক্ষণ হল উপাত্ত, যা বিভিন্ন উৎস হতে যথাযথ প্রক্রিয়ায় সংগ্রহ করা হয়।

(চ) তথ্য (Information):

সুবিন্যস্তভাবে সংগৃহীত উপাত্তের ব্যবহারযোগ্য রূপ হলো তথ্য। সংগৃহীত উপাত্ত হতে নির্দিষ্ট চাহিদার প্রেক্ষিতে প্রয়োজনীয় বিশ্লেষণ, শ্রেণিকরণ, সাজানো, যুক্তিমূলক কাজ ইত্যাদির মাধ্যমে প্রাপ্ত সুশৃঙ্খল ফলাফল হল তথ্য।

(ছ) তথ্য ব্যবস্থাপনা (Informatics):

তথ্য ব্যবস্থাপনা বা ইনফরমেটিক্স তথ্য সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ, শ্রেণিবিন্যাস, বিশ্লেষণ, সংরক্ষণ এবং সংরক্ষিত তথ্য পুনঃব্যবহার করার প্রক্রিয়া নিয়ে কাজ করে। এটি ফলিত গণিত, পরিসংখ্যান, এবং কম্পিউটার বিজ্ঞানের ব্যবহারিক প্রয়োগের মাধ্যমে তথ্যকে বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহারের উপযোগী করে তোলে। সহজ কথায়, ইনফরমেটিক্স হলো তথ্যের বিজ্ঞান।

(জ) নীতি (Policy):

নীতি হলো একটি সুনির্দিষ্ট দীর্ঘমেয়াদি উদ্দেশ্য অর্জনের জন্য গৃহীত সিদ্ধান্তগুলোর সমন্বিত কাঠামো, যা কোনো সরকারি কর্তৃপক্ষ দ্বারা কোনো সমস্যা বা সম্পর্কিত সমস্যার সমাধানে প্রাসঙ্গিক পদক্ষেপ বাস্তবায়নের মাধ্যমে নির্ধারিত হয়।

CS CamScanner

(ঝ) নীতিমালা:

নীতিমালা কৌশলগত দিকনির্দেশনা এবং নির্দিষ্ট ব্যবস্থা যা সমস্যার সমাধান এবং টেকসই উন্নয়নের লক্ষ্য অর্জনে সহায়তা করে।

(ঞ) মেটাডেটা (Metadata):

মেটাডেটা হলো সেই তথ্য যা একটি নিদিষ্ট ডেটাসেটের বৈশিষ্ট্য ও এর প্রস্তুত প্রক্রিয়াকে বুঝতে সহায়তা করে। এতে উপাত্ত সংগ্রহের প্রক্রিয়া, নমুনার আকার, চলক, তথ্যসংগ্রহ প্রক্রিয়া এবং ভৌগোলিক ব্যাপ্তিসহ একাধিক মৌলিক তথ্য অন্তর্ভুক্ত থাকে, যা উপাত্ত ব্যবহারকারীকে যথাযথভাবে তা ব্যবহারে সহায়তা করে;

(ট) মাইক্রোডেটা (Micro Data):

মাইক্রোডেটা হলো শুমারি কিংবা নমুনা জরিপে সংগৃহীত উপাত্তের প্রক্রিয়াজাত একক, যা ব্যক্তি, প্রতিষ্ঠান, উদ্যোগসহ ভিন্ন ভিন্ন বৈশিষ্ট্যের হতে পারে। মাইক্রোডেটায় অবশ্যই একটি ডেটা ডিকশনারি, উপযুক্ত লেবেলিং বা মেটাডেটা থাকতে হয় যা চলকসমূহের তালিকা, বিবরণ এবং ব্যবহৃত বিভিন্ন কোডের অর্থ ধারণ করে;

(ঠ) ভৌগোলিক তথ্য ব্যবস্থা (Geographic Information System):

ভূ-পৃষ্ঠের কোনো স্থান সম্পর্কিত উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণের জন্য গৃহীত প্রযুক্তি। এ প্রযুক্তি ব্যবহার করে মানচিত্র এবং উপগ্রহ চিত্রে উপস্থাপিত তথ্যের বিভিন্ন লেয়ার বা স্তর সহজ উপায়ে ব্যাখ্যা-বিশ্লেষণ করা যায় এবং এদের মধ্যকার পারস্পরিক সম্পর্ক নির্ণয় করা যায়। জিআইএস-এর সাহায্যে বিভিন্ন ধরনের সংগৃহীত উপাত্তের বর্ণনা ও মানচিত্র সহযোগে উপস্থাপন করা হয়। এ প্রক্রিয়ায় পরিকল্পনা, উন্নয়ন, শুমারিভিত্তিক জনসংখ্যার উপাত্ত জিআইএস ফরমেটে উপস্থাপনসহ বড় স্কেলের মৌজা মানচিত্র প্রণয়ন, বিষয়ভিত্তিক বিভিন্ন ধরনের রিপোর্ট ও মানচিত্র প্রস্তুত করা এবং এ সম্পর্কিত অনেক প্রকার সেবা প্রদান করা হয়।

(ড) এনোনিমাইজড মাইক্রোডেটা (Anonymized Microdata):

কোন শুমারি বা জরিপের মাইক্রোডেটা হতে ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রভৃতির নাম, ঠিকানা ও অন্যান্য পরিচয় নির্দেশকসমূহ মুছে ফেলা হলে শুমারি বা জরিপের অন্য সকল তথ্য সম্বলিত ডেটাবেইজকে এনোনিমাইজড মাইক্রোডেটা হিসেবে অভিহিত করা হয়। এনোনিমাইজড মাইক্রোডেটা থেকে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পৃথকভাবে চিহ্নিত করা যায়না।

(ঢ) নন-এনোনিমাইজড মাইক্রোডেটা (Non-Anonymized Microdata):

নন-এনোনিমাইজড মাইক্রোডেটা দ্বারা উপাত্ত সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সনাক্ত বা চিহ্নিত করা যায় এবং এ মাইক্রোডেটায় ব্যক্তি বা প্রতিষ্ঠানের পরিচয় নির্ণয়ক মুছে ফেলা হয় না। নন-এনোনিমাইজড মাইক্রোডেটায় সরাসরি উপাত্ত (যেমন: নাম, ঠিকানা) বা পরোক্ষ উপাত্ত (যেমন: ব্যক্তির বিভিন্ন বৈশিষ্ট্য) থাকতে পারে।

(ণ) আউটপুট টেবিল (Output Table):

সংগৃহীত উপাত্তসমূহকে সুশৃঙ্খল বিন্যাসে উপস্থাপন করার প্রক্রিয়া। আউটপুট টেবিলে উপাত্তের শিরোনাম, সারি শিরোনাম, কলাম শিরোনাম, কলাম এবং সারির বর্ণনা, কোডিং তথ্য এবং ডেটা ব্যাখ্যার জন্য প্রয়োজনীয় অন্যান্য মেটাডেটা থাকে।

(ত) শুমারি (Census):

একটি নির্দিষ্ট ভূখন্ডের বা দেশের সকল মানুষ, জনসংখ্যা ও বিভিন্ন সেক্টর বা ইউনিটকে গণনা করা।

(থ) নমুনা জরিপ (Sample Survey):

বিজ্ঞানসম্মত পদ্ধতিতে সমগ্রক হতে নমুনা চয়নের মাধ্যমে উপাত্ত সংগ্রহ করা।

(দ) ডিজিটাল ডিভাইস (Digital Device):

ডিজিটাল ডিভাইস বলতে এমন ডিভাইসকে বোঝায় যা ডিজিটাল সংকেতের মাধ্যমে উপাত্ত গ্রহণ, প্রক্রিয়াকরণ বা স্থানান্তর করতে পারে। ডিজিটাল ডিভাইস বিট আকারে পৃথক ফর্মে উপাত্ত প্রক্রিয়াকরণ করে। ডিজিটাল ডিভাইসের উপাত্ত প্রক্রিয়াকরণের পদ্ধতি অ্যানালগ ডিভাইসের থেকে আলাদা হয়ে থাকে;

CS CamScanner

(ধ) পরিসংখ্যান (Statistics):

পরিসংখ্যান বিজ্ঞান বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসরণক্রমে শুমারি ও জরিপের মাধ্যমে সংগৃহিত ও প্রকাশিত তথ্য।

(ন) সরকারি পরিসংখ্যান (Official Statistics):

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রণীত, সংরক্ষিত, প্রকাশিত ও প্রযোজ্য ক্ষেত্রে পরিসংখ্যান আইন, ২০১৩-এর ১১ ধারা অনুযায়ী অনুমোদিত পরিসংখ্যান।

(প) প্রকাশ (Dissemination):

পদ্ধতিগতভাবে প্রস্তুতকৃত উপাত্তসমূহ, ব্যবহারকারীগণের নিকট নির্দিষ্ট প্রক্রিয়ায় প্রকাশ করা। উপাত্ত বিভিন্ন মাধ্যমে প্রকাশ হয়ে থাকে, যেমন ওয়েবসাইট, ইলেকট্রনিক ফরম্যাট, প্রিন্ট পাবলিকেশন, অনুমোদিত ফরমেট/ ফাইল, বিবৃতি, সংবাদ বিজ্ঞপ্তি ইত্যাদি।

৬.০ নীতিমালার উদ্দেশ্য:

(ক) শুমারি ও নমুনা জরিপের উপাত্ত, প্রতিবেদন ও মাইক্রোডেটা প্রকাশ এবং তা ব্যবহারকারীদের নিকট সরবরাহের পদ্ধতি নির্ধারণ;

(খ) বিভিন্ন শুমারি ও নমুনা জরিপের ডেটাবেইজে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান হতে সংগৃহীত উপাত্তের গোপনীয়তা নিশ্চিতকরণ;

(গ) গবেষক, নীতিনির্ধারক, শিক্ষার্থী ও অন্যান্য ব্যবহারকারীগণকে চাহিদানুসারে যাচিত উপাত্ত সরবরাহ;

(ঘ) উপাত্তের সর্বজনীন ব্যবহার নিশ্চিত করা এবং এর অপব্যবহার রোধ করা।

৭.০ উপাত্ত প্রকাশের মাধ্যম:

শুমারি ও নমুনা জরিপের রিপোর্ট আনুষ্ঠানিকভাবে সর্বসাধারণের উদ্দেশ্যে বিবিএস এর ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং মুদ্রিত কপি বিবিএস পাঠাগার ও বিক্রয় কেন্দ্র হতে সংগ্রহ করা যাবে। প্রয়োজনে রিপোর্ট প্রকাশের পাশাপাশি- (i) প্রেস রিলিজ (ii) সংবাদ সম্মেলন আয়োজন (iii) সেমিনার/প্রবন্ধ/সাক্ষাৎকার প্রদান এবং (iv) মাসিক/ত্রৈমাসিক পরিসংখ্যান প্রকাশনা অনুষ্ঠানের মাধ্যমে উপাত্ত প্রকাশ করা হবে। এছাড়া, অন্যকোন স্বীকৃত আধুনিক পদ্ধতির মাধ্যমেও উপাত্ত প্রকাশ করা যাবে।

৮.০ মাইক্রোডেটা সরবরাহের মাধ্যম:

শুমারি বা নমুনা জরিপের রিপোর্ট প্রকাশের পর মাইক্রো-লেভেলের উপাত্তে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট ব্যক্তির/প্রতিষ্ঠানের সনাক্তকরণ সংক্রান্ত তথ্য মুছে, পোর্টেবল হার্ডড্রাইভ/পেনড্রাইভ/উপাত্ত বহনযোগ্য অন্য কোন ডিজিটাল ডিভাইস/ বিবিএস ওয়েবসাইট কিংবা অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে মাইক্রোডেটা সরবরাহ করা হবে।

৯.০ প্রকাশযোগ্য উপাত্তের ধরন:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বিভিন্ন শুমারি ও নমুনা জরিপ, কেস স্টাডিজ/পাইলট স্টাডিজ প্রভৃতি উপাত্তকে ০৩টি শ্রেণিতে ভাগ করা হয়েছে, যথা:

(ক) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য উপাত্ত:

বিবিএস নিয়মিতভাবে Advance Release Calendar (ARC) হালনাগাদ করবে এবং তা ওয়েবসাইটে প্রকাশ করবে। ARC-এ উল্লিখিত নমুনা জরিপ/কেস স্টাডিজসমূহের প্রকাশিত রিপোর্ট স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য উপাত্ত হিসেবে বিবেচিত হবে। এফএ এন্ড এমআইএস উইং দায়িত্ব প্রাপ্ত উইং হিসেবে ARC নিয়মিতভাবে হালনাগাদ করবে এবং কম্পিউটার উইং কর্তৃক তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

CamScanner

(খ) নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে প্রদানযোগ্য উপাত্ত:

বিবিএস নিয়মিতভাবে নমুনা জরিপের এনোনিমাইজড মাইক্রোডেটার (Anonymizd Microdata) তালিকা প্রণয়ন করবে এবং ওয়েবসাইটে প্রকাশ করবে। এরূপ উপাত্ত/মাইক্রোডেটা অনুচ্ছেদ-২৬ এ উল্লিখিত নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে/ বিনামূল্যে প্রদানযোগ্য উপাত্ত হিসেবে বিবেচিত হবে এবং ব্যবহারকারীগণের আবেদন ওয়েবসাইটে রেজিস্ট্রেশন সম্পন্নপূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত পন্থায় আবেদনকারীকে তা সরবরাহ করবেন।

(গ) প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয়, এমন উপাত্ত:

এই নীতিমালার অন্যান্য অনুচ্ছেদে যা কিছুই থাকুক না কেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নিম্নোক্ত উপাত্ত, প্রদান, প্রকাশ বা প্রচারে বাধ্য থাকবে না:

I. উপাত্তে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এরূপ তথ্য;
II. তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরূপ উপাত্ত;
III. জাতীয় স্বার্থে গোপন রাখা বাঞ্ছনীয় বিবেচিত উপাত্ত;
IV. জনমনে উদ্বেগ কিংবা বিভ্রান্তি ছড়াতে পারে কিংবা জাতীয় নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ এমন উপাত্ত।

১০.০ বিনামূল্যে প্রকাশযোগ্য তথ্য/প্রকাশনার পরিমাণ নির্ধারণ

শুমারি ও নমুনা জরিপের কী পরিমাণ তথ্য সাধারণ ব্যবহারকারীগণের নিকট বিনামূল্যে প্রকাশ করা হবে, (যেমন- মুদ্রিত সংস্করণ, ই-বুক এবং আনুষ্ঠানিক ওয়েবসাইট ইত্যাদি) তা যথাযথ মহাপরিচালক, বিবিএস কর্তৃক নির্ধারিত হবে।

১১.০ প্রকাশাধিকার সংরক্ষণ

কৌশলগত কারণে গোপন রাখা আবশ্যক এরূপ উপাত্ত প্রকাশ/সরবরাহ না করার অধিকার বিবিএস সংরক্ষণ করবে।

১২.০ উপাত্ত/মাইক্রোডেটার ব্যাকআপ:

(ক) উপাত্ত/ মাইক্রোডেটা যথাযথ ও অনুমোদিত সুরক্ষিত স্থানে সংরক্ষণ করা হবে;
(খ) প্রস্তুতকৃত সকল মাইক্রোডেটাসেটের ব্যাকআপ কপি সংরক্ষণ করা হবে;
(গ) মাইক্রোডেটা সেটের অফলাইন ব্যাকআপ রাখতে হবে যাতে প্রয়োজনে ডেটা এনক্রিপ্ট করা যেতে পারে; এবং
(ঘ) প্রাক্কলিত/সংকলিত প্রতিবেদনের পাশাপাশি এক্সেল ফরমেটে টাইম সিরিজ উপাত্ত সংরক্ষণ করতে হবে।

১৩.০ প্রকাশিত পরিসংখ্যানের গুণগতমান:

পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশে বিবিএস United Nations Statistics Division (UNSD), International Labour Organization (ILO), International Monetary Fund (IMF), World Bank Group (WB) সহ খ্যাতনামা আন্তর্জাতিক সংস্থাগুলোর দ্বারা গৃহীত সংজ্ঞা ও পদ্ধতি অনুসরণ করবে। পাশাপাশি, বিবিএস প্রকাশিত সরকারি পরিসংখ্যানের মান ও গ্রহণযোগ্যতা নিশ্চিত করতে National Data Quality Assurance Framework (NQAF) যথাযথভাবে অনুসরণ করবে।

১৪.০ উপাত্ত প্রকাশের নিয়ম ও শর্তাবলি:

(ক) নমুনা জরিপের অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট ব্যক্তির সকল উপাত্তের গোপনীয়তা রক্ষা করা হবে;

(খ) শুমারি ও জরিপের রিপোর্ট প্রকাশের এক মাসের মধ্যে মেটাডেটা ওয়েবসাইটে প্রকাশ করা হবে;

(গ) যথাযথ গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিতপূর্বক ওয়েবসাইটে কেবল সংক্ষিপ্ত এবং Anonymized ডেটা প্রকাশ করা হবে;

(ঘ) বিবিএস কর্তৃক প্রকাশিত সরকারি পরিসংখ্যান সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। বিশেষ টেবুলেশন প্ল্যান সম্বলিত যাচিত পরিসংখ্যান প্রস্তুতে নির্ধারিত ফি (অনুচ্ছেদ-২৬ দ্রষ্টব্য) গ্রহণ করা যাবে;

(ঙ) অন্য উৎস থেকে প্রাপ্ত প্রশাসনিক উপাত্তের বিশ্লেষণ, উপস্থাপন কিংবা ব্যাখ্যার জন্য বিবিএস দায়ী হবে না;

(চ) যে কোন জরিপের রিপোর্ট প্রকাশিত হওয়ার পরে সঙ্গে সঙ্গে তা এক্সেল ফরমেটে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

CamScanner

১৫.০ মাইক্রোডেটা সরবরাহের/প্রদানের নিয়ম ও শর্তাবলি:

(ক) ব্যবহারকারীর চাহিদা সাপেক্ষে সকল সেন্সাসের প্রশাসনিক এলাকা কিংবা যেকোন চলক/সূচকের ৫% উপাত্ত প্রদান করা যাবে। যাচিত উপাত্ত বিভাগ, সিটি কর্পোরেশন, জেলা, উপজেলা হলে সেই প্রশাসনিক এলাকার উপাত্তের ৫% দেওয়া হবে। ইউনিয়ন এবং পৌরসভার ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ৫% উপাত্ত প্রদান করা যাবে। প্রয়োজনে কর্তৃপক্ষ ৫% এর অধিক ডাটা প্রদানের বিষয়টি বিবেচনা করতে পারবেন;

(খ) সরকারি পরিসংখ্যান নির্ধারিত সময়ের আগে সাধারণত প্রকাশ করা হয় না। তবে নীতিনির্ধারণ, জাতীয় স্বার্থ রক্ষা ও জাতীয় পরিকল্পনা প্রণয়ের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রকাশিত উপাত্ত সরবরাহ করা যাবে;

(গ) কোন প্রতিষ্ঠান বিবিএস এর সাথে দ্বিপক্ষীয় সম্পর্ক স্থাপনের নিমিত্ত Memorandum of Understanding (MoU), Letter of Agreement (LoA) এবং Bilateral Agreement স্বাক্ষর করেন কিংবা নমুনা জরিপকার্য সম্পাদনের জন্য আর্থিক/ কারিগরি কিংবা উভয় প্রকার সহায়তা প্রদান করেন, সেক্ষেত্রে সে সকল প্রতিষ্ঠানকে তাদের জন্য প্রযোজ্য উপাত্ত বিনা মূল্যে সরবরাহ করা যাবে;

(ঘ) উপাত্ত সংরক্ষণের জন্য যথাযথ সাইবার সিকিউরিটি এবং তথ্য প্রযুক্তি সুরক্ষার মানদন্ড অনুসরণ করা হবে।

১৬.০ সরবরাহকৃত উপাত্ত ব্যবহারের নিয়ম ও শর্তাবলি:

(ক) ব্যবহারকারীগণ বিবিএস থেকে সংগৃহীত উপাত্ত অন্য কোনো ব্যক্তি/সংস্থাকে বিনামূল্যে বা অর্থ প্রদানের বিনিময়ে হস্তান্তর করতে পারবে না;

(খ) সরবরাহকৃত উপাত্ত নির্ধারিত পরিসংখ্যানগত ও বৈজ্ঞানিক গবেষণার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে;

(গ) বিশেষ ব্যক্তি, সংস্থা বা তাদের অনুসন্ধানের জন্য প্রদত্ত উপাত্ত ব্যবহার করা যাবে না। সংশ্লিষ্ট উপাত্তের তথ্যদাতাদের চিহ্নিত করার চেষ্টা করা যাবে না। সমষ্টিগত তথ্যের প্রতিবেদন বা পরিসংখ্যানগত মডেল বিকাশের জন্য উপাত্ত ব্যবহার করা যাবে;

(ঘ) ব্যবহারকারীকে অবশ্যই ব্যক্তিগত ডেটার সাথে মাইক্রোডেটা লিংক করার চেষ্টা থেকে বিরত থাকতে হবে। মাইক্রোডেটা সেটে পর্যবেক্ষণ ইউনিট সনাক্ত করার চেষ্টা থেকে বিরত থাকতে হবে;

(ঙ) বিবিএস হতে সংগৃহীত মাইক্রোডেটার ভিত্তিতে প্রস্তুতকৃত রিপোর্ট ও প্রকাশনাসমূহের একটি উপযুক্ত (ইলেকট্রনিক/হার্ড) কপি বিবিএস-এ সরবরাহ করা হবে;

(চ) বিবিএস এর মাইক্রোডেটা ব্যবহার করে প্রস্তুতকৃত প্রকাশনা/প্রতিবেদন, গবেষণা প্রতিবেদনে উৎস হিসেবে বিবিএসকে স্বীকৃতি (Acknowledgement) প্রদান করতে হবে এবং উক্ত প্রকাশনার হার্ড-কপি বিবিএস-এ সরবরাহ করতে হবে;

(ছ) সরবরাহকৃত উপাত্ত বা প্রকাশনায় কোনো ভুল পরিলক্ষিত হলে, তা তাৎক্ষণিকভাবে বিবিএসকে জানাতে হবে। বিবিএস তা সংশোধনপূর্বক পুনরায় প্রকাশ করবে;

১৭.০ ব্যক্তিগত উপাত্তের গোপনীয়তা রক্ষা:

পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী সরবরাহকৃত মাইক্রোডেটায় কোনও ব্যক্তি, ফার্ম বা প্রতিষ্ঠানের পরিচয় এবং পরিস্থিতি প্রকাশ করবে না; এটি আবশ্যিকভাবে নিশ্চিত করা হবে।

১৮.০ পরিসর/ব্যাপ্তি:

নীতিমালাটি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন শুমারি, নমুনা জরিপ বা এরূপ কোন পদ্ধতির মাধ্যমে সংগৃহীত, সংকলিত ও প্রকাশিত সমস্ত উপাত্তের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

CS CamScanner

১৯.০ উপাত্ত/ মাইক্রোডেটা প্রাপ্তি সহজলভ্যকরণ ও সংরক্ষণ:

(ক) উপাত্ত সরবরাহ সহজলভ্য করার লক্ষ্যে বিবিএস বিভিন্ন শুমারি ও জরিপ এর মাইক্রো ডেটাসেটের ক্যাটালগ এবং ইনডেক্স প্রস্তুত করে যথাযথভাবে সংরক্ষণ করবে;

(খ) বিবিএস-এর বিভিন্ন শুমারি ও জরিপের মাইক্রোডেটা এর নিজস্ব ডেটা সেন্টার/সার্ভার/ডেটা ওয়্যারহাউস/ডিআরএস-এ সংরক্ষিত থাকবে। প্রয়োজন মোতাবেক বিবিএস, বিসিসি কিংবা অন্য কোন সরকারি সংস্থার ডেটা সেন্টারে মাইক্রোডেটা সংশ্লিষ্ট সংস্থার সম্মতি সাপেক্ষে সংরক্ষণ করতে পারবে;

(গ) মাইক্রোডেটা যে ফরম্যাটে সংরক্ষিত থাকবে, সেই ফরম্যাটেই আবেদনকারীকে সরবরাহ করা হবে। প্রয়োজনে, আবেদনকারীর চাহিদার প্রেক্ষিতে মহাপরিচালক, বিবিএস এর অনুমোদনক্রমে Excel বা অন্য কোন ফরম্যাটে ডাটা প্রদান করা হবে;

(ঘ) ব্যবহারকারীগণের সুবিধার্থে, বিবিএস ওয়েবসাইট এবং প্রকাশনার পাশাপাশি উপাত্তের বিভিন্ন ইনফোগ্রাফ প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করবে।

২০.০ উপাত্ত/ মাইক্রোডেটা প্রাপ্তির শর্তাবলি:

(ক) উপাত্ত/মাইক্রোডেটা সরবরাহের জন্য নির্ধারিত ফরমে বা বিবিএস এর ওয়েবসাইটে রেজিস্ট্রেশনের মাধ্যমে অনলাইনে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে;

(খ) ব্যবহারকারীর চাহিদার প্রেক্ষিতে, প্রকাশনা বহির্ভূত উপাত্তের Output Table সরবরাহ করা যাবে। তবে Output Table সরবরাহের পূর্বে মহাপরিচালক, বিবিএস এর অনুমোদন গ্রহণ করতে হবে;

(গ) বিবিএস এবং অন্য কোন প্রতিষ্ঠান যৌথভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করলে সে প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট নমুনা জরিপের সম্পূর্ণ মাইক্রোডেটা সরবরাহ করা যাবে। তবে, শুমারির থেকে প্রাপ্ত সম্পূর্ণ উপাত্ত উক্ত প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করা যাবেনা; এরূপ ক্ষেত্রে বিবিএস কার্যালয়ে অবস্থানপূর্বক শুমারির সম্পূর্ণ ডেটাসেট ব্যবহার করে তাদের প্রয়োজনীয় টেবিল/ চার্ট ইত্যাদি তৈরি করে নিতে পারবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট উইং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(ঘ) বিবিএস হতে প্রাপ্ত/ক্রয়কৃত শুমারি বা জরিপের উপাত্ত/ মাইক্রোডেটা কোন অবস্থাতেই তৃতীয় কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থাকে সরবরাহ করা যাবে না;

(ঙ) সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/গবেষক/ব্যক্তির চাহিদার প্রেক্ষিতে জিআইএস ডেটা/ম্যাপ এবং শেপ ফাইল সরবরাহ করা যাবে। বাংলাদেশের নাগরিক ব্যতীত বিদেশি নাগরিকের (ব্যক্তি) ক্ষেত্রে জিআইএস ম্যাপ সরবরাহ করা হবে না।

২১.০ সরকারি প্রতিষ্ঠানে (মন্ত্রণালয় / বিভাগ / দপ্তর / সংস্থা) উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহের শর্ত:

(ক) কোন মন্ত্রণালয় / বিভাগ / দপ্তর / সংস্থা বিবিএস-এর সাথে Memorandum of Understanding (MoU), Letter of Agreement (LoA) এবং Bilateral Agreement স্বাক্ষর করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সাথে শুমারি/ জরিপ/ এডমিনিস্ট্রেটিভ ডেটা আদান-প্রদান করা যাবে।

(খ) রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে কোন ধরনের চুক্তি ব্যতীত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নমুনা জরিপের সম্পূর্ণ এবং শুমারির নির্ধারিত পরিমান উপাত্ত সরবরাহ করা যাবে (অনুচ্ছেদ ২৬ প্রযোজ্য);

(গ) শুমারি ও নমুনা জরিপের (Sample Survey) এর নির্ধারিত পরিমাণ উপাত্ত/ মাইক্রোডেটা বিনামূল্যে সরবরাহ করা যাবে।

২২.০ বাংলাদেশি ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থাসমূহে উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহের শর্ত:

(ক) শুমারির সম্পূর্ণ মাইক্রোডেটা সরবরাহ করা যাবে না। এক্ষেত্রে এই নীতিমালার অনুচ্ছেদ ১৫(ক) অনুসারে মাইক্রোডেটাসেটের সর্বোচ্চ ৫% (পাঁচ) সরবরাহ করা যাবে;

(খ) নমুনা জরিপ (Sample Survey) এর সম্পূর্ণ মাইক্রোডেটা সরবরাহ করা যাবে।

CS CamScanner

২৩.০ বিদেশি ব্যক্তি বা প্রতিষ্ঠানে উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহের শর্ত:

(ক) শুমারির সম্পূর্ণ মাইক্রোডেটা সরবরাহ করা যাবে না। এক্ষেত্রে এই নীতিমালার অনুচ্ছেদ ১৫(ক) অনুসারে মাইক্রোডেটাসেট সরবরাহ করা যাবে;

(খ) নমুনা জরিপ (Sample Survey) এর সম্পূর্ণ মাইক্রোডেটা সরবরাহ করা যাবে;

(গ) উন্নয়ন সহযোগী সংস্থার (Development Partner) আর্থিক/কারিগরি সহায়তায় (DPP/TAPP/MoU/ LoA মোতাবেক) পরিচালিত শুমারি **(Census)**/ জরিপ (Sample Survey) এর সম্পূর্ণ মাইক্রোডেটা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিনামূল্যে সরবরাহ করা যাবে। তবে শুমারির ডেটা সম্পূর্ণ কিংবা আংশিক সরবরাহের সিদ্ধান্ত বিবিএস সংরক্ষণ করে।

২৪.০ শিক্ষার্থীদের উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহের শর্ত:

(ক) বাংলাদেশি কোন শিক্ষার্থীকে গবেষণার জন্য শুমারির (Census) সম্পূর্ণ মাইক্রোডেটা সরবরাহ করা যাবে না। এক্ষেত্রে এই নীতিমালার ২৬ ধারা অনুসারে মাইক্রোডেটাসেট সরবরাহ করা যাবে;

(খ) নমুনা জরিপ (Sample Survey) এর সম্পূর্ণ মাইক্রোডেটা সরবরাহ করা যাবে;

(গ) মাইক্রোডেটা ব্যবহারের সমর্থনে উপযুক্ত কর্তৃপক্ষের (প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান/গবেষণা সুপারভাইজার)-প্রত্যয়নপত্র/সুপারিশ দাখিল করতে হবে।

২৫.০ উপাত্ত/মাইক্রোডেটা প্রাপ্তির আবেদন, সরবরাহের পদ্ধতি ও সময়সীমা:

(ক) মাইক্রোডেটার প্রাপ্তির জন্য নির্ধারিত ফর্মে (বিবিএস এর ওয়েবসাইটে রক্ষিত)/ই-মেইলে মহাপরিচালক, বিবিএস বরাবর লিখিতভাবে/ অনলাইনে/ ই-মেইলে আবেদন করতে হবে। আবেদনের সময় সকল প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করতে হবে;

(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনের তারিখ হতে অনধিক ১০ (দশ) কার্য দিবসের মধ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চাহিত উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহ করবেন;

(গ) চাহিত উপাত্ত/ মাইক্রোডেটা, একাধিক শুমারি ও জরিপের হয়ে থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চাহিত উপাত্ত/ মাইক্রোডেটা অনধিক ১৫ (পনেরো) কার্য দিবসের মধ্যে সরবরাহ করবে;

(ঘ) অনুরোধকৃত তথ্য/ডেটা কোন ব্যক্তির জন্ম-মৃত্যু প্রত্যয়ন, দেওয়ানি/ফোজদারি মামলা সংক্রান্ত, জরুরি বিদেশ যাত্রা ইত্যাদি বিষয় সংক্রান্ত হলে কিংবা অতীব জরুরি বিবেচিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনের তারিখ হতে অনধিক ১ (এক) কর্মদিবসের মধ্যে উক্ত বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করবেন। উল্লেখ্য, এরূপ ক্ষেত্রে আবেদনের স্বপক্ষে যথাযথ প্রমাণক দাখিল করতে হবে;

(ঙ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা লিখিত বা ই-মেইল বা অন্য কোন উপযুক্ত মাধ্যমে আবেদনপত্র গ্রহণ করবেন এবং প্রাপ্তি স্বীকার পত্র ইস্যু করবেন। প্রাপ্তি স্বীকারপত্রে আবেদনের রেফারেন্স নম্বর, আবেদনপত্র গ্রহণকারীর নাম, পদমর্যাদা এবং আবেদন গ্রহণের তারিখ উল্লেখ করে স্বাক্ষর করবেন;

(চ) ডিজিটাল মাধ্যমে আবেদন গ্রহণের ক্ষেত্রে কর্তৃপক্ষের বরাবর আবেদন প্রেরণের তারিখই (প্রাপ্তি সাপেক্ষে) আবেদন গ্রহণের তারিখ হিসেবে গণ্য হবে;

(ছ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকৃত তথ্য প্রদানে অপারগ অথবা আংশিক তথ্য সরবরাহে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে এতদ্বিষয়ে আবেদনকারীকে অবহিত করবেন;

(জ) অনুমোদিত মাইক্রোডেটা ফাইল বিবিএস এর ওয়েবসাইট (http://www.bbs.gov.bd) এবং অন্য কোন ডিজিটাল মাধ্যম হতে ডাউনলোড করা যাবে (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঝ) ব্যবহারকারীকর্তৃক উপাত্ত সংগ্রহের জন্য বিবিএস-কে পোর্টেবল হার্ডড্রাইভ/পেনড্রাইভ/ডেটা বহনযোগ্য অন্য কোন ডিজিটাল ডিভাইস সরবরাহ করতে হবে। এ ক্ষেত্রে অন্যান্য ইলেকট্রনিক মাধ্যম/ অনলাইনেও ডেটা সরবরাহ করা যাবে;

CamScanner

(ঞ) মহাপরিচালক, বিবিএস উপাত্ত/ মাইক্রোডেটা-এর প্রকৃতি এবং ধরন অনুসারে আবেদন গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে;

(ট) উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহের অগ্রপত্রে "পরিসংখ্যান আইন, ২০১৩ এর আওতায় এই তথ্য সরবরাহ করা হয়েছে"-মর্মে উল্লেখ থাকতে হবে এবং পত্রে প্রত্যয়নকারী কর্মকর্তার নাম, পদবী, স্বাক্ষর ও দাপ্তরিক সিল থাকবে।

২৬.০ উপাত্ত/মাইক্রোডেটার মূল্য:

দেশি ও বিদেশি ব্যবহারকারীদের নিকট বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত ও প্রকাশিত উপাত্ত/ মাইক্রোডেটা সহজলভ্য করার লক্ষ্যে নিম্নোক্ত মূল্য তালিকা অনুসরণ করা হবে। যাচিত উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহের নিমিত্ত পরিশোধিত মূল্য রাজস্ব আয় হিসেবে বিবেচিত হবে।

(মূল্য: টাকায় ও প্রযোজ্য ক্ষেত্রে ডলারে)

বিবরণ	সরকারি প্রতিষ্ঠান (মন্ত্রণালয় / বিভাগ / অধিদপ্তর / সংস্থা)		দেশি প্রতিষ্ঠান বা সংস্থাসমূহ		বিদেশি প্রতিষ্ঠান বা সংস্থাসমূহ		শিক্ষার্থী				গবেষক		
	মূল্য	ডেটার পরিমাণ	মূল্য	ডেটার পরিমাণ	মূল্য	ডেটার পরিমাণ	মূল্য			ডেটার পরিমাণ	মূল্য		ডেটার পরিমাণ
							দেশি	প্রবাসী	বিদেশি		দেশি	বিদেশি	
শুমারির ডেটাসেট (প্রতি শুমারি)	বিনা মূল্যে	১০০%	১,০০,০০০/-	৫%	২৫০০($)	৫%	১০০০/-	১০০($)	১০০০($)	৫%	২৫,০০০/-	১০০০ ($)	৫%
সার্ভে ডেটাসেট (প্রতি সার্ভে)	বিনা মূল্যে	১০০%	৫০,০০০/-	১০০%	১,০০০($)	১০০%	৫০০/-	২০($)	১০০($)	১০০%	১০,০০০/-	১০০($)	১০০%
নমুনা এলাকা ম্যাপ (প্রতি সার্ভের জন্য)	বিনা মূল্যে	১০০%	২৫,০০০/-	১০০%	৫০০($)	১০০%	৫০০/-	২০($)	১০০($)	১০০%	১০,০০০/-	১০০($)	১০০%
শুমারি, জরিপ বা প্রশাসনিক তথ্যের প্রকাশনা বহির্ভুত Output Table	বিনা মূল্যে	প্রতি ১০টি টেবিল বা আংশিক	৫,০০০/-	প্রতি ১০টি টেবিল বা আংশিক	২০০($)	প্রতি ১০টি টেবিল বা আংশিক	৫০০/-	২০ ($)	১০০($)	প্রতি ১০টি টেবিল বা আংশিক	৫,০০০/-	১০০($)	প্রতি ১০টি টেবিল বা আংশিক
জনশুমারিতে অন্তর্ভুক্তির তথ্য (সনদ, জনপ্রতি)	৫০০/-												
বিনামূল্যে সার্বজনীন ব্যবহারের ডেটা	বিবিএস ওয়েবসাইট http://www.bbs.gov.bd এ আপলোড করা সার্বজনীন ব্যবহারের ডেটা/রিপোর্টসমূহ বিনামূল্যে ডাউনলোড করা যাবে।												

২৭.০ উপাত্ত/মাইক্রোডেটার মূল্য পরিশোধ পদ্ধতি:

(ক) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নির্ধারিত সরকারি ব্যাংক একাউন্টের অনুকূলে মাইক্রোডেটা গ্রহণের পূর্বেই মূল্য (টাকায় বা সমমূল্যের বৈদেশিক মুদ্রায়) পরিশোধ করতে হবে;

(খ) যাচিত উপাত্ত/ মাইক্রোডেটার মূল্য চালান/ বারকোড/কার্ড/নেট ব্যাংকিং সুবিধা ব্যবহার করে অনলাইন পেমেন্ট করতে পারবেন;

(গ) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান হার্ডকপি বা পোর্টেবল ডিভাইসের মাধ্যমে উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহের অনুরোধ করলে প্রযোজ্য মূল্যের সাথে ডিভাইস এবং পোস্টাল চার্জও প্রদান করতে হবে;

(ঘ) বিদেশি ডেটা ব্যবহারকারীগণ বিবিএস নির্ধারিত SWIFT ট্রান্সফারের মাধ্যমে অর্থ প্রদান করতে পারবেন;

(ঙ) বৈদেশিক মুদ্রা এবং টাকার বিনিময় হারের পরিবর্তনের সাথে উপাত্ত/ মাইক্রোডেটার খরচ পরিবর্তিত হবে;

CamScanner

(চ) জিআইএস ডেটা শুধুমাত্র অভ্যন্তরীণ ব্যবহারের জন্য প্রদান করা হবে এবং যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতীত তা হস্তান্তর করা যাবে না;

(ছ) বিদেশ থেকে প্রাপ্ত বৈদেশিক মুদ্রা স্থানীয় মুদ্রায় (টাকা) জমা প্রদান এবং ব্যাংক ড্রাফট/চালান/অন্য কোন সম্মত ইলেকট্রনিক লেনদেন পদ্ধতিতে বিবিএস নির্ধারিত হিসাব নম্বরে সরকারি ট্রেজারি/বাংলাদেশ ব্যাংক, প্রধান শাখা, ঢাকায় জমা করতে হবে;

(জ) শিক্ষার্থীর আবেদনের প্রেক্ষিতে, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিনামূল্যে শুমারি/ জরিপের উপাত্ত/ মাইক্রোডেটা সরবরাহ করতে পারবেন।

২৮.০ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ, দায়িত্ব ও কর্মপরিধি:

(ক) বিবিএস বিভিন্ন শুমারি ও জরিপের ডেটা সংরক্ষণ, সরবরাহ ও বিক্রয় সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে নির্বাহ করার জন্য মহাপরিচালক, বিবিএস দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করবেন।

(খ) দায়িত্ব পালনের প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিবিএস এর যে কোন উইং পরিচালক বা কর্মকর্তার সহায়তা চাইতে পারবেন এবং কোন কর্মকর্তার কাছ থেকে এরূপ সহায়তা চাওয়া হলে তিনি উক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

(গ) চাহিত উপাত্ত/ মাইক্রোডেটা প্রদানের উপযুক্ত থাকলে উক্ত উপাত্ত/ মাইক্রোডেটার মূল্য ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে পরিশোধ করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকারীকে অবহিত করবেন;

(ঘ) কোন অনুরোধকৃত ডেটা/তথ্যের সাথে তৃতীয় পক্ষের সংশ্লিষ্টতা থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঙ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপাত্ত/ মাইক্রোডেটার জন্য প্রাপ্ত আবেদনপত্রসহ এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ, সরবরাহ সংক্রান্ত প্রতিবেদন সংকলন, মূল্য আদায়, সরকারি কোষাগারে জমাকরণ ও কর্তৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে এ সংক্রান্ত তথ্য সরবরাহ করবেন।

(চ) নিয়মিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে দায়িত্বপালনের জন্য বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে তিনি দায়িত্বপ্রাপ্‌ত কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন।

২৯.০ উপাত্ত/মাইক্রোডেটার প্রকাশের সময়সীমা:

(ক) বিবিএস শুমারি/জরিপ এর চূড়ান্ত ফলাফল প্রকাশের অনধিক ১ (এক) মাসের মধ্যে মাইক্রোডেটা প্রকাশ করবে;

(খ) বিবিএস শুমারি/জরিপের উপাত্ত পর্যালোচনা ও বিশ্লেষণ করে উপাত্তের যথার্থতা নিশ্চিত করে শুমারি/জরিপ এর উপাত্ত প্রকাশ করবে এবং

(গ) বিবিএস যে কোন শুমারি/জরিপের রিপোর্ট প্রকাশিত হওয়ার পরে সংঙ্গে সংঙ্গে তা এক্সেল ফরমেটে বিবিএস ওয়েবসাইটে (www.bbs.gov.bd) প্রকাশ করবে।

৩০.০ উপাত্ত/মাইক্রোডেটা সংক্রান্ত অভিযোগ

(ক) উপাত্ত/ মাইক্রোডেটা সম্পর্কিত যে কোন অভিযোগ লিখিতভাবে মহাপরিচালক, বিবিএসকে অবহিত করতে হবে। মহাপরিচালক, বিবিএস এককভাবে অভিযোগ পর্যালোচনা করে নিষ্পত্তি করতে পারবেন; প্রয়োজনে তিনি উভয় পক্ষের বক্তব্য শুনে অভিযোগ নিষ্পত্তি করবেন;

(খ) অভিযোগ নিষ্পত্তিতে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩১.০ সংশোধন:

এই নীতিমালায় ভবিষ্যতে কোনো ধরনের সংশোধন, পরিবর্তন বা পরিমার্জনের আবশ্যকতা প্রতীয়মান হলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনক্রমে তা সম্পাদন করতে হবে।

CS CamScanner

৩২.০ নীতিমালার ব্যাখ্যা:

(ক) এই নীতিমালার কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে বিবিএস কর্তৃক সংশ্লিষ্ট বিষয়টি স্পষ্টীকরণ করা হবে।

(খ) এই নীতিমালায় উল্লেখ নাই এমন বিষয় উত্থাপিত হলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনক্রমে সিদ্ধান্ত গৃহীত হবে।

(গ) Open Government Data (OGD) কাঠামো বাস্তবায়নের উদ্দেশ্যে প্রাসঙ্গিক ডাটাসেট উন্মুক্ত করার ক্ষেত্রে, যদি এই নীতিমালার সঙ্গে কোনো অসঙ্গতি বা সংঘর্ষ দেখা দেয়, তবে OGD নীতিমালার অন্তর্ভুক্ত বিষয়ের ক্ষেত্রে OGD নীতিমালাই কার্যকর বলে বিবেচিত হবে।

৩৩.০ নীতিমালার রহিতকরণ ও হেফাজত:

এই নীতিমালায় যাহা কিছুই থাকুক না কেন, সরকার জনস্বার্থে তা পরিবর্তন, পরিমার্জন, সংশোধন বা রহিতকরণসহ যেকোনো সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

৩৪.০ ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ:

(ক) এই নীতিমালা কার্যকর হওয়ার পর কর্তৃপক্ষ ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করতে পারবে;

(খ) এই নীতিমালার বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা প্রাধান্য পাবে।

CS CamScanner